

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২০: মঙ্গলের প্রতি পথ-নির্দেশনা এবং সৎপথ অথবা অসৎপথের দিকে আহ্বান করার বিবরণ

(20) _ باب الدلالة على خير والدعاء إلى هدى أو ضلالة

আরবী

وَعَنْ أَبِي العَبَّاسِ سَهلِ بِنِ سَعدِ السَّاعِدِيْ رضي الله عنه : أَنَّ رَسُولَ الله صلى الله عليه وسلم، قَالَ يَومَ خَيبَر: ﴿ لأُعْطِينَ الرَّايَةَ غَداً رَجلاً يَفْتَحُ الله عَلَى يَدَيهِ، يُحبُّ اللهَ وَرَسُولُهُ ، وَيُحبُّهُ اللهُ وَرَسُولُهُ »، فَبَاتَ النَّاسُ يَدُوكُونَ لَيْلْتَهُمْ أَيُّهُمْ يُعْطَاهَا . فَلَمَّا أَصْبَحَ النَّاسُ غَدَوْا عَلَى رسولِ الله صلى الله عليه وسلم كُلُّهُمْ يَرْجُو أَنْ يُعْطَاهَا. فَقَالَ: ﴿ أَينَ عَلِي اللهُ عَلَى بِهِ فَبَصَقَ رسولُ الله صلى الله عليه وسلم في عَيْنيهِ . قَالَ: ﴿ فَأَرْسِلُوا عَلَي اللهِ عَلَى اللهِ عَلَى الله عَلَى عَيْنيهِ ، وَدَعَا لَهُ فَبَرِىءَ حَتَّى كَأَنْ لَمْ يكُن بِهِ وَجَعٌ ، فأَعْطاهُ الرَّايَةَ . فقَالَ عَلَيٌ رضي الله عنه: يَا رَسُولِ اللهِ ، أَقاتِلُهمْ حَتَّى يَكُونُوا مِثْلَنَا ؟ فَقَالَ: ﴿ انْفُدْ عَلَى رِسْلِكَ حَتَّى تَنْزِلَ بِسَاحَتِهمْ ، ثُمَّ ادْعُهُمْ إِلَى حَتَّى يَكُونُوا مِثْلَنَا ؟ فَقَالَ: ﴿ انْفُدْ عَلَى رِسْلِكَ حَتَّى تَنْزِلَ بِسَاحَتِهمْ ، ثُمَّ ادْعُهُمْ إِلَى حَتَّى يَكُونُوا مِثْلَنَا ؟ فَقَالَ: ﴿ انْفُدْ عَلَى رِسْلِكَ حَتَّى تَنْزِلَ بِسَاحَتِهمْ ، ثُمَّ ادْعُهُمْ إِلَى اللهِ مَوْ اللهِ مَوْ اللهِ بَعَالَى فِيهِ ، فَوَالله لأَنْ يَهْدِي اللهُ بِكَ رَبُولُ مَنْ حُمْ النَّعَمِ». مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

৩/১৮০। আবৃল আব্বাস সাহল ইবনু সা'দ সায়েদী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বার (যুদ্ধের) দিন বললেন, ''নিশ্চয় আমি আগামীকাল যুদ্ধ-পতাকা এমন এক ব্যক্তিকে দেব, যার হাতে আল্লাহ বিজয় দান করবেন, আর সে ব্যক্তি আল্লাহ ও তাঁর রাসূলকে ভালবাসে এবং আল্লাহ ও তাঁর রাসূলও তাকে ভালবাসেন।'' অতঃপর লোকেরা এই আলোচনা করতে করতে রাত কাটিয়ে দিল যে, তাদের মধ্যে কোন ব্যক্তিকে এটা দেওয়া হবে। অতঃপর সকালে তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গেল। তাদের প্রত্যেকেরই এই আকাজ্জা ছিল যে, পতাকা তাকে দেওয়া হোক। কিন্তু তিনি জিজ্ঞাসা করলেন, ''আলী ইবনু আবী ত্বালেব কোথায়?'' তাঁকে বলা হল, 'হে আল্লাহর রাসূল! তাঁর চক্ষুদ্বয়ে ব্যথা হচ্ছে।' তিনি বললেন, ''তাকে ডেকে পাঠাও।''



সুতরাং তাঁকে ডেকে আনা হল। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার চক্ষুদ্বয়ে থুতু লাগিয়ে দিলেন এবং তাঁর জন্য দো'আ করলেন। ফলে তিনি এমন সুস্থ হয়ে গেলেন; যেন তাঁর কোন ব্যথাই ছিল না। অতঃপর তিনি তাঁকে যুদ্ধ-পতাকা দিলেন। আলী রাদিয়াল্লাহু 'আনহু বললেন, 'হে আল্লাহর রাসূল! তারা আমাদের মত (মুসলিম) না হওয়া পর্যন্ত কি আমি তাদের বিরুদ্ধে লড়তে থাকব?' তিনি বললেন, ''তুমি প্রশান্ত হয়ে চলতে থাক; যতক্ষণ না তাদের নগর-প্রাঙ্গনে অবতরণ করেছ। অতঃপর তাদেরকে ইসলামের দিকে আহ্বান কর এবং তাদের উপর ইসলামে আল্লাহর যে জরুরী হক রয়েছে তাদেরকে সে ব্যাপারে অবগত করাও। আল্লাহর কসম! যদি আল্লাহ তা'আলা তোমার দ্বারা একটি মানুষকে হিদায়াত করেন, তাহলে তা তোমার জন্য (আরবের শ্রেষ্ঠ সম্পদ) লাল উটনী অপেক্ষাও উত্তম।''[1]

English

(20) Chapter: Calling to right guidance and forbidding depravity

Sahl bin Sa'd (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said on the day of the Khaibar Battle, "I will give this banner to a person at whose hands Allah will grant victory; a man who loves Allah and His Messenger (ﷺ), and Allah and His Messenger love him also." The people spent the night thinking as to whom it would be given. When it was morning, the people hastened to Messenger of Allah (繼). Every one of them was hoping that the banner would be given to him. He (the Prophet (變)) asked, "Where is 'Ali bin Abu Talib?" They said: "O Messenger of Allah! His eyes are sore." He (ﷺ) then sent for him and when he came, Messenger of Allah (ﷺ) applied his saliva to his eyes and supplicated. 'Ali (May Allah be pleased with him) recovered as if he had no ailment at all. He (ﷺ) conferred upon him the banner. 'Ali (May Allah be pleased with him) said: "O Messenger of Allah, shall I fight against them until they are like us?" Thereupon he (the Prophet (ﷺ)) said, "Advance cautiously until you reach their open places; thereafter, invite them to Islam and inform them what is obligatory for them from the Rights of Allah, for, by Allah, if Allah guides even one person through you that is better for you than possessing a whole lot of red camels".

[Al- Bukhari and Muslim].

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৯৪২, ৩০০৯, ৩৭০১, ৪২১০, মুসলিম ২৪০৬, আবৃ দাউদ ৩৬৬১, আহমাদ ২২৩১৪



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন